35

দৈনিক সংবাদ

তারিখ 05 JUN 1998
পৃষ্ঠা ৭ কলাম ৫

## কাপ্তাই ও রাঙ্গুনিয়ার প্রাথমিক শিক্ষাচিত্র

# পঞ্চাশ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

।। আবুল কালাম আজাদ ।।

কাপ্তাই, ৪ঠা জুন ঃ রাঙ্গুনিয়া ও কাপ্তাই থানার বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে নানা প্রকার সমস্যা বিরাজমান থাকায় এই অঞ্চলের প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

রাঙ্গুনিয়া ও কাপ্তাই থানার কমপক্ষে ৫০ হাজার ছাত্র-ছাত্রী প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। জরাজীর্ণ বিদ্যালয় ভবন, নানা প্রকার সমস্যাসংকুল পরিস্থিতি, পর্যাপ্ত শিক্ষা উপকরণের অভাবে ছাত্র-ছাত্রী সুষ্ঠু পরিবেশে শিক্ষা গ্রহণ করতে পারছে না।

সরেজমিনে রাঙ্গুনিয়া-কাপ্তাই থানার অনেক প্রাথমিক বিদ্যালয় ঘুরে দেখা গেছে, বেশিরভাগ বিদ্যালয়ে শ্রেণীকক্ষ সংকট, আসবাবপত্র সংকট, জরাজীর্ণ পরিবেশ, প্রয়োজনীয় শিক্ষা উপকরণের অভাব, খাবার পানির সমস্যাসহ অসংখ্য সমস্যা বিরাজমান রয়েছে। এসব কারণে ছোট ছোট শিশুরা বিদ্যালয়বিমুখ হয়ে পড়েছে। তাছাড়া অভিভাবকদের অসচেতনতা, শিক্ষা উপকরণের মূল্য বৃদ্ধি ও অর্থনৈতিক সংকটের কারণে হাজার হাজার শিশু প্রাথমিক শিক্ষা গ্রহণের চেয়ে শিশু বয়সেই লাভজনক বিভিন্ন পেশায় যোগ দিচ্ছে। যে বয়সে শিশু হাতে বই কলম খাতা নেবার কথা, সেই বয়সেই দেখবার অনেক শিশু রিকশা চালায়, চায়ের দোকানসহ নানা ভারি কাজ করছে। এক বেসরকারি পরিসংখ্যান থেকে জানা যায়, কাপ্তাই ও রাঙ্গুনিয়া থানার ১ লাখ ২০ হাজার শিশু প্রাথমিক শিক্ষাজীবন থেকে বঞ্চিত।

উপরোল্লিখিত ২টি থানায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার বেহাল অবস্থার কারণে এই অঞ্চলে স্বাভাবিক কোন শিক্ষার প্রসারতা ঘটছে না। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষকদের অবহেলার কারণে অনেক শিশু বিদ্যালয়বিমুখ হয়ে পড়ছে। বিদ্যালয় ভীতির কারণে শিশুদের সচেতন অভিভাবক মহলে চরম উৎকণ্ঠা দেখা দিয়েছে।

শিক্ষা সচেতন মহলের মতে, কাপ্তাই ও রাঙ্গুনিয়া থানার প্রাথমিক শিক্ষা ব্যবস্থার করুণ পরিস্থিতির উত্তরণে সরকারিভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জরুরি।